# মাগুরা পৌরসভা কার্যালয়, মাগুরা

স্থাপিত ঃ ১৯৭২

ফোন ঃ ০৪৮৮-৬২২৯০, ফ্যাক্স ঃ ০৪৮৮-৫১২০৯

E-mail : magura_paurashava@yahoo.com

Webportal: www.paurainfo.gov.bd Website: www.magurapaurashava.org


"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক সংখ্যা ঃ- মাঃ পৌঃ/ তারিখ ঃ

বিষয় ঃ **হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত হওয়া প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে সকলকে জানানো যাচ্ছে যে,আগামী ইং ১৫/০৯/২০১৯ইং তারিখ হতে ১৭/০৯/২০১৯ইং তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক নিরীক্ষা কর্যক্রম পরিচালিত হবে। উক্ত কাজে সহযোগীতা করার জন্য যথাসময়ে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ

১। ২০১৮-২০১৯ অর্থ বছরে হিসাব ও নিরীক্ষা বিষয়ক।
২। বিবিধ।

(মোঃ আমিনুল ইসলাম)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মাগুরা পৌরসভা।

প্রাপক,

১। জনাব মোঃ খুরশীদ হায়দার টুটুল, মেয়র মাগুরা পৌরসভা ও সদস্য হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি।
২। জনাব আবু এহিয়া মোঃ রেজা, কাউন্সিলর, ০৯নং ওয়ার্ড মাগুরা পৌরসভা ও সদস্য হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি।
৩। জনাব মোছাঃ ছোবেতারা বেগম, সংরক্ষিত মহিলা আসন -১, মাগুরা পৌরসভা ও সদস্য হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
৪। জনাব পারভীন আক্তার, সংরক্ষিত মহিলা আসন-২, মাগুরা পৌরসভা ও সদস্য হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি।

(মোঃ আমিনুল ইসলাম)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মাগুরা পৌরসভা।

মোঃ খুরশীদ হায়দার টুটুল
মেয়র
মাগুরা পৌরসভা

# মাগুরা পৌরসভা কার্যালয়, মাগুরা

স্থাপিত ঃ ১৯৭২

ফোন ঃ ০৪৮৮-৬২২৯০, ফ্যাক্স ঃ ০৪৮৮-৫১২০৯

E-mail : magura_paurashava@yahoo.com

Webportal: www.paurainfo.gov.bd Website: www.magurapaurashava.org


"উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক সংখ্যা ঃ- মাঃ পৌঃ/২০১৯/৯৯০ তারিখ ঃ ০৬/১০/১৯ ইং

প্রাপকঃ প্রকল্প পরিচালক
তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প,
এলজিইডি, লেভেল-১২
আগারগাঁও,শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

বিষয় ঃ **বাংলাদেশ সরকার ADB & OFID সহায়তা পুষ্ঠ নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন(সেক্টর) প্রকল্পের আওতাভূক্ত পৌরসভা সমূহের আর্থিক বিবরনীর উপর সংশ্লিষ্ট পৌরসভায় গঠিত হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটি কর্তৃক যথাসময়ে নিরীক্ষা সম্পন্ন পূর্বক রিপোর্ট প্রেরন প্রসংগে।**

সূত্র ঃ স্মারক নং-৪৬.০২.০০০০.৭৯৬.১৪.১৩.১৯/২১৮১(৩৫) তাং- ১৯/০৯/২০১৯ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র পৌরসভায় গঠিত অডিট এন্ড একাউন্টস সংক্রান্ত স্থায়ী কমিটি কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করেছে। যার রিপোর্ট সদয় অবগতির জন্য অত্রসাথ প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ১০ (দশ) পাতা।

(মোঃ খুরশীদ হায়দার টুটুল)
মেয়র
মাগুরা পৌরসভা।
মোবাইল নম্বরঃ ০৪৮৮-৬২২৯০
ফ্যাক্স নম্বরঃ ০৪৮৮-৫১২০৯

# আভ্যন্তরীন অডিট

**সভা নং-০১**

তারিখ ঃ ১৫/০৯/২০১৯
সময়- ঃ বেলা ১০.০০ ঘটিকা
স্থান ঃ পৌরসভা সম্মেলন কক্ষ।
সভাপতি ঃ জনাব মোঃ আমিনুল ইসলাম,হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি,
কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মাগুরা পৌরসভা।

**বিষয় ঃ ২০১৮-২০১৯ অর্থ বছরের নিরীক্ষা করা প্রসংগে।**

| ক্রঃ নং | সভায় উপস্থিত সদস্য গনের নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ খুরশীদ হায়দার টুটুল, মেয়র, মাগুরা পৌরসভা | |
| ০২ | জনাব আবু এহিয়া মোঃ রেজা, কাউন্সিলর, ০৯নং ওয়ার্ড মাগুরা পৌরসভা | |
| ০৩ | জনাব মোছাঃ ছোবেতারা বেগম, সংরক্ষিত আসন -১,মাগুরা পৌরসভা | |
| ০৪ | জনাব পারভীন আক্তার, সংরক্ষিত আসন-২,মাগুরা পৌরসভা। | |

অদ্যকার সভায় সভাপতি জনাব মোঃ আমিনুল ইসলাম সভাপতি, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি ও কাউন্সিলর ১নং ওয়ার্ড, মাগুরা পৌরসভার সভাপতিত্বে সভার কার্য্য শুরু করা হয়।

সভার শুরুতে সভাপতি সাহেব পরম করুনাময় আল্লাহ তায়ালার শুকরিয়া কামনা এবং সকলের মধ্যে সালাম ও কুশলাদী বিনিময় এবং উপস্থিত থাকার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে নিরীক্ষা বিষয়ক সভার কাজ শুরু করেন।

সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে মাগুরা পৌরভার হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব উদয় শঙ্কর রায় বিগত ২০১৮-২০১৯ অর্থ বৎসরের খাত ওয়ারী আয়-ব্যয়সহ নথিপত্র উপস্থাপন করেন। হিসাব ও নিরীক্ষা কমিটির সম্মানিত সভাপতি সহ কমিটির সকল সদস্য উক্ত আয়-ব্যয় বিবরনি প্রাথমিকভাবে যাচাই-বাছাই করেন এবং পৌরসভার সকল ক্যাশবহি চালান, রেজিষ্টার সমূহ যাচাই করার লক্ষ্যে যথা সময়ে নিরীক্ষা কমিটির নিকট উপস্থাপন করার জন্য হিসাব বিভাগকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ আমিনুল ইসলাম)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মাগুরা পৌরসভা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মেয়র, মাগুরা পৌরসভা।
২। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প
এলজিইডি ভবন, (লেভেল-০৭)আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। জনাব ...........................................সদস্য, হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, মাগুরা পৌরসভা।
৪। সচিব, মাগুরা পৌরসভা।
৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাগুরা পৌরসভা।হিসাব রক্ষক, মাগুরা পৌরসভা।
৬। হিসাব রক্ষক, মাগুরা পৌরসভা।
৭। অফিস নথি।

# নিরীক্ষা প্রতিবেদন

১। নিরীক্ষিত অফিসের নাম ঃ মাগুরা পৌরসভা, মাগুরা।
২। আর্থিক বছর ঃ ২০১৮-২০১৯ খ্রিঃ।
৩। অডিট কালীন সময় ঃ ১৫/০৯/২০১৯- ১৭/০৯/২০১৯ ।
৪। প্রতিবেদন মোট অনুচ্ছেদ সংখ্যা ঃ ০৬ টি
৫। প্রতিবেদন দাখিলের তারিখ ঃ ২৪/০৯/২০১৯ ইং।
৬। নিরীক্ষক বৃন্দের নাম ঃ

| ক্রঃনং | নাম | পরিচিতি | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ খুরশীদ হায়দার টুটুল, মেয়র | সদস্য | ০১৭১৮৮৪৮৩০১ |
| ০২ | জনাব আবু এহিয়া মোঃ রেজা, কাউন্সিলর, ০৯নং ওয়ার্ড। | সদস্য | ০১৯১৫৮২৭২৪১ |
| ০৩ | জনাব মোছাঃ ছোবেতারা বেগম, সংরক্ষিত আসন ১নং ওয়ার্ড | সদস্য | ০১৭২১৩৪২৯৬০ |
| ০৪ | জনাব পারভীন আক্তার, সংরক্ষিত আসন ২ নং ওয়ার্ড। | সদস্য | ০১৭১৯১৯৪৬১১ |

ভূমিকাঃ মাগুরা পৌরসভা, মাগুরা অফিসের ২০১৮-২০১৯ সনের আর্থিক সনের হিসাবের উপর আভ্যন্তরীন অডিটের কাজ ১৫/০৯/২০১৯ ইং তারিখে শুরু করে ১৭/০৯/২০১৯ইং তারিখে শেষ করা হয়েছে। নিরীক্ষাকালীন সময় UGIIP-III এর প্রশাসনিক আদেশের আলোকে নিরীক্ষা কার্য সম্পাদন করা হয়েছে। নিরীক্ষাকালীন সময়ে ছোট খাটো ত্রুটি বিচ্যুতি অফিসের সংগে আলোচনা/জবাবের আলোকে নিষ্পত্তি করা হয়েছে। নিরীক্ষাকালীন সময়ে জনাব মোঃ খুরশীদ হায়দার টুটুল, মেয়র এবং সচিব জনাব মোহাম্মদ রেজাউল করিম, জনাব উদয় শঙ্কর রায়, হিসাব রক্ষণ কর্মকর্তা ও মোঃ আব্দুর রাজ্জাক, হিসাব রক্ষক উপস্থিত ছিলেন। দেয় Receipt & payment এর নমুনায়নের ভিত্তিতে নির্বাচিত আয়/ব্যয় খাত সমূহের নিরীক্ষা কার্য সম্পন্ন করা হয়েছে।

## ২০১৮-২০১৯ অর্থ বছরের বিবরনীঃ

| | |
|---|---|
| সর্বমোট রাজস্ব আয়- | ৯,২১,৫৯,৪৪২/- |
| লোন গ্রহন | ১,৬০,০৫,০০০/- |
| + প্রারম্ভিক স্থিতী- | ২৩,২২,৪৩৫/- |
| | ১১,০৪,৮৬,৮৭৭/- |
| (-) সর্বমোট রাজস্ব ব্যয়- | ১০,৭৭,১৫,০৫১/- |
| সমাপনি স্থিতীঃ | ২৭,৭১,৮২৬/- |
| | ১১,০৪,৮৬,৮৭৭/- |
| পানি সরবরাহ শাখাঃ | |
| আয়ঃ- | ১,১৩,০১,০৯৮/- |
| উপাংশ -১ হইতে স্থানান্তর | ৭২,৬১,৩৮১/- |
| + স্থিতীঃ- | ৮,০৮,৭১৯/- |
| | ১,৯৩,৭১,১৯৮/- |
| (-) খরচঃ | ১,৮৫,১১,৫০২/- |
| সমাপনি স্থিতী= | ৮,৫৯,৬৯৬/- |

সাধারন শাখায় গত বছরের তুলনায় আদায়ের হার বেশী হওয়ায় কর্মকর্ত/ কর্মচারীদের ধন্যবাদ জানান। কিন্তু পানি শাখার ব্যয় বৃদ্ধি পেয়েছে সে তুলনায় আদায় বৃদ্ধি পায়নি। সে কারনে নতুন সংযোগ বাড়ানোর সাথে সাথে পানির ট্যারিফ বৃদ্ধি করে আগামী অর্থ বছর থেকে আরও আদায়ের জোর প্রচেষ্ঠা চালানোর জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করা হলো।

২৪/৯/১৯

# অডিট আপত্তির সংক্ষিপ্ত বিবরণ

| ক্রমিক নং | আপত্তি নং | অডিট আপত্তির বিবরণ | অসংগতি টাকার পরিমান |
|---|---|---|---|
| ০১ | ০১ | ২০১৮-২০১৯ অর্থ বছরের পানি কর (ওয়াটার ট্যারিফ) বকেয়া থাকায় পৌরসভার আর্থিক ক্ষতি হয়েছে। | =১৭,৬৭,৪২০/- |
| ০২ | ০২ | ১৪২৬ সনের হাট বাজার ইজারা রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় ইজারা মূল্যের ৫%অর্থ ৭ ভূমি রাজস্ব বাবদ অর্থ জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে। | ৩,৮৭,১৭৫/- |
| ০৩ | ০৩ | ২০১৮-২০১৯ অর্থ বছরের হোল্ডিং ট্যাক্স আদায়ের রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় হোল্ডিং ট্যাক্স বাবদ = ৭০,৬৮,০৮৬/- টাকা বকেয় থাকায় পৌরসভার আর্থিক ক্ষতি হয়েছে। | ৭০,৬৮,০৮৬/- |
| ০৪ | ০৪ | ১৪২৬ সনের হাট বাজার ইজারা রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় ইজারা মূল্যের ৫%অর্থ আয়কর বাবদ জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে। | ৩,৮৭,১৭৫/- |
| ০৫ | ০৫ | ১৪২৬ সনের হাট বাজার ইজারা রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় ইজারা মূল্যের ১৫%অর্থ ভ্যাট বাবদ জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে। | =১১,৬১,৫২৫/- |
| ০৬ | ০৬ | ২০১৮-২০১৯ অর্থ বছরের ঘর ভাড়া আদায়ের রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় ঘর ভাড়া আদায় বাবদ =৭,৫০,৩০০/- টাকা বকেয় রয়েছে। যা পৌরসভার রাজস্ব ক্ষতি। | ৭,৫০,৩০০/- |

উল্লেখিত আপত্তি সমুহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক দিক পর্যালোচনা করে আপত্তি সমুহ দ্রুত নিস্পত্তির জন্য সুপারিশ সহ সম্মানীত মেয়র মহোদয়ের নিকট নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হল।

২৪/৯/১৯

(মোঃ আমিনুল ইসলাম)
সভাপতি
হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ও
কাউন্সিলর, ০১নং ওয়ার্ড, মাগুরা পৌরসভা।

৭

# অডিট আপত্তি বিস্তারিত বিবরনঃ

## আপত্তি নং-০১

২০১৮-২০১৯ অর্থ বছরের পানি কর (ওয়াটার ট্যারিফ) আদায়ের রেজিষ্টার ও নথী পত্র যাচাইয়ান্তে দেখা যায় পানির কর বাবদ =১৭,৬৭,৪২০/- টাকা বকেয়া রয়েছে। যা পৌরসভার আর্থিক ক্ষতি।

**বিষয়বস্তু ঃ** মাগুরা পৌরসভা, মাগুরা কার্যালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের হিসাব নিরীক্ষার সময় পানি কর (ওয়াটার ট্যারিফ) আদায়ের বিল রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় যে, পানির কর বাবদ =১৭,৬৭,৪২০/- টাকা বকেয়া রয়েছে। একদিকে পৌর কর্মকর্তা/কর্মচারীদের বেতন বকেয়া অন্যদিকে বিদুৎ বিল বকেয়া রেখে পানির কর আদায়ে ব্যর্থতা গ্রহনযোগ্য নয়। যা পৌরসভার রাজস্ব ক্ষতি।

**ফলাফল ঃ** পৌরসভার আর্থিক ক্ষতি।

**পৌরসভার জবাব ঃ-** আগামীতে পানির গ্রহকদের সাথে আলোচনা করে বকেয়া পানির কর আদায়ের ব্যবস্থা গ্রহন করা হবে।

**অডিট কমিটির মন্তব্য ঃ** বকেয়া টাকা আদায় না করায় পৌরসভা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে।

**সুপারিশঃ** আপত্তিকৃত টাকা জরুরী ভিত্তিতে আদায় করে অডিট কমিটির নিকট প্রমানক দাখিল করা আবশ্যক।

# অডিট আপত্তি বিস্তারিত বিবরনঃ

**আপত্তি নং- ০২**

১৪২৬ সনের হাট বাজার ইজারা রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় ইজারা মূল্যের ৫%অর্থ ৭ ভূমি রাজস্ব খাতে =৩,৮৭,১৭৫/- টাকা সরকারী কোষাগারে জমা করা হয়নি। যা সরকারের আর্থিক ক্ষতি।

**ফলাফল ঃ** সরকারের রাজস্ব ক্ষতি।

**পৌরসভার জবাব ঃ**

পৌরসভার কর্মকর্তা/ কর্মচারীদের বকেয়া বেতন ভাতা পরিশোধ করার জন্য উক্ত টাকা জমা প্রদান করা সম্ভব হয়নি। পরবর্তীতে ৭ ভূমি রাজস্ব খাতে উক্ত টাকা জমা দেয়া হবে।

**অডিট কমিটির মন্তব্যঃ**

=৩,৮৭,১৭৫/- টাকা সরকারী কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি।

**সুপারিশঃ**

আপত্তিকৃত ৩,৮৭,১৭৫/- টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করে চালানের কপি(প্রমানক) অডিট কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

২৪/৯/১৯

# অডিট আপত্তি বিস্তারিত বিবরনঃ

**আপত্তি নং- ০৩**

২০১৮-২০১৯ অর্থ বছরের হোল্ডিং ট্যাক্স আদায়ের রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় হোল্ডিং ট্যাক্স বাবদ=৭০,৬৮,০৮৬/- টাকা বকেয় থাকায় পৌরসভার আর্থিক ক্ষতি হয়েছে।

**বিষয়বস্তু ঃ** মাগুরা পৌরসভা, মাগুরা কার্যালয়ের ২০১৮-২০১৯ অর্থ বছরের হিসাব নিরীক্ষার সময় হোল্ডিং ট্যাক্স আদায়ের রেজিষ্টার যাচাই বাছাই করে দেখা যায় হোল্ডিং ট্যাক্স বাবদ=৭০,৬৮,০৮৬/- টাকা বকেয় থাকায় পৌরসভার আর্থিক ক্ষতি হয়েছে। একদিকে পৌর কর্মকর্তা/কর্মচারীদের বেতন বকেয়া অন্যদিকে বিদুৎ বিল বকেয়া রেখে হোল্ডিং ট্যাক্স আদায়ে ব্যর্থতা গ্রহনযোগ্য নয়। যা পৌরসভার রাজস্ব ক্ষতি।

| | |
|---|---|
| **ফলাফল** | ঃ পৌরসভার রাজস্ব ক্ষতি। |
| **পৌরসভার জবাব** | ঃ আদায় করে পৌর তহবিলে জমা করা হবে। |
| **অডিট কমিটির মন্তব্য** | ঃ বকেয়া টাকা আদায় না করায় পৌরসভার রাজস্ব ক্ষতি। |

**সুপারিশঃ**

আপত্তিকৃত ৭০,৬৮,০৮৬/- টাকা আদায় পূর্বক পৌর তহবিলে জমা করে প্রমানক নিরীক্ষা কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

# অডিট আপত্তি বিস্তারিত বিবরনঃ

**আপত্তি নং- ০৪**

১৪২৬ সালের হাট বাজার ইজারা রেজিষ্টার, ক্যাশ বহি যাচাই বাছাই করে দেখা যায় ইজারা মূল্যের উপর ৫% আয়কর বাবদ অর্থ ইজারাদারের নিকট থেকে আদায় করা হয়েছে,কিন্তু সরকারী কোষাগারে জমা করা হয়নি। যা সরকারের রাজস্ব ক্ষতি।

**বিষয়বস্তুঃ-** মাগুরা পৌরসভা,মাগুরা কার্যালয়ের ১৪২৬ সনের আভ্যন্তরীন নিরীক্ষার সময় ক্যাশবহি/হাট-বাজার রেজিষ্টার ও নথিপত্র যাচাই বাছাই করে দেখা যায় সরকারী কোষাগারে ৫% আয়কর বাবদ =৩,৮৭,১৭৫/- টাকা মাত্র জমা হয়নি। যাহা সরকারের রাজস্ব ক্ষতি।

**ফলাফলঃ** সরকারের রাজস্ব ক্ষতি।

**পৌরসভার জবাবঃ** পৌরসভার কর্মকর্তা/ কর্মচারীদের বকেয়া বেতন ভাতা পরিশোধ করার জন্য উক্ত টাকা জমা প্রদান করা সম্ভব হয়নি। অর্থের সংস্থান স্বাপেক্ষে উক্ত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে।

**অডিট কমিটির মন্তব্যঃ** আয়কর এর টাকা সরকারী কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি।

**সুপারিশঃ**

আপত্তিকৃত ৩,৮৭,১৭৫/-টাকা মাত্র সরকারী কোষাগারে জমা দিয়ে উহার প্রমানক হিসাব ও নিরীক্ষা কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

# অডিট আপত্তি বিস্তারিত বিবরনঃ

**আপত্তি নং- ০৫**

১৪২৬ সালের হাট বাজার ইজারা রেজিষ্টার, ক্যাশ বহি যাচাই বাছাই করে দেখা যায় ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট বাবদ =১১,৬১,৫২৫/- অর্থ ইজারাদারের নিকট থেকে আদায় করা হয়েছে,কিন্তু সরকারী কোষাগারে জমা করা হয়নি। যা সরকারের রাজস্ব ক্ষতি।

**বিষয়বস্তু ঃ** মাগুরা পৌরসভা,মাগুরা কার্যালয়ের ১৪২৬ সনের আভ্যন্তরীন নিরীক্ষার সময় ক্যাশবহি/হাট-বাজার রেজিষ্টার ও নথিপত্র যাচাই বাছাই করে দেখা যায় সরকারী কোষাগারে ১৫% ভ্যাট বাবদ =১১,৬১,৫২৫/- টাকা মাত্র জমা হয়নি। যাহা সরকারের রাজস্ব ক্ষতি।

**ফলাফলঃ** সরকারের রাজস্ব ক্ষতি।

**পৌরসভার জবাবঃ** পৌরসভার কর্মকর্তা/ কর্মচারীদের বকেয়া বেতন ভাতা পরিশোধ করার জন্য উক্ত টাকা জমা প্রদান করা সম্ভব হয়নি। অর্থের সংস্থান স্বাপেক্ষে উক্ত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে।

**অডিট কমিটির মন্তব্যঃ** ভ্যাট এর টাকা সরকারী কোষাগারে জমা না করায় সরকারের রাজস্ব ক্ষতি।

**সুপারিশঃ**

আপত্তিকৃত ১১,৬১,৫২৫/-টাকা মাত্র সরকারী কোষাগারে জমা দিয়ে উহার প্রমানক হিসাব ও নিরীক্ষা কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

পরিশিষ্ট ‘ক’

বাংলা ১৪২৬ সনের মাগুরা পৌরসভার ইজারা মহলের হিসাব বিবরন নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | ইজারার নাম | ডাক | আদায় | বকেয়া | ১৫% ভ্যাট | ৫% আয়কর |
|---|---|---|---|---|---|---|
| ০১ | পুরাতন বাজার | ৬৫৪০০০/- | ৬৫৪০০০/- | - | ৯৮১০০/- | ৩২৭০০/- |
| ০২ | সাপ্তাহিক হাট | ১১৬৫০০০/- | ১১৬৫০০০/- | - | ১৭৪৭৫০/- | ৫৮২৫০/- |
| ০৩ | ভায়না মোড় বাজার | ১৩৬৫০০/- | ১৩৬৫০০/- | - | ২০৪৭৫/- | ৬৮২৫/- |
| ০৪ | ইট খোলা বাজার | ৭২০০০/- | ৭২০০০/- | - | ১০৮০০/- | ৩৬০০/- |
| ০৫ | ডেফুলিয়া বাজার | ২১৫০০/- | ২১৫০০/- | - | ৩২২৫/- | ১০৭৫/- |
| ০৬ | পুলিশ লাইন বাজার | ২৬২০০/- | ২৬২০০/- | - | ৩৯৩০/- | ১৩১০/- |
| ০৭ | বাস টার্মিনাল | ২৫০৮০০০/ | ২৫০৮০০০/- | - | ৩৭৬২০০/- | ১২৫৪০০/- |
| ০৮ | বাস টার্মিনাল পাঃ টয়লেট | ৬০২০০/- | ৬০২০০/- | - | ৯০৩০/- | ৩০১০/- |
| ০৯ | ট্রাক টার্মিনাল | ১০০০০০০/- | ১০০০০০০/- | | ১৫০০০০/- | ৫০০০০/- |
| ১০ | পশু জবাই ফিস আদায় | ৫৮০০০/- | ৫৮০০০/- | - | ৮৭০০/- | ২৯০০/- |
| ১১ | কাঁচা বাজার আড়ৎ | ১৯৩৫০০০/- | ১৯৩৫০০০/- | - | ২৯০২৫০/- | ৯৬৭৫০/- |
| ১২ | ইট খোলা পশু হাট | ১০৭১০০/- | ১০৭১০০/- | - | ১৬০৬৫/- | ৫৩৫৫/- |
| | সর্ব মোট | =৭৭৪৩৫০০/- | =৭৭৪৩৫০০/ | | =১১৬১৫২৫/- | =৩৮৭১৭৫/- |

# অডিট আপত্তি বিস্তারিত বিবরনঃ

আপত্তি নং- ০৬

২০১৮-২০১৯ অর্থ বৎসরে মাগুরা পৌরসভার ঘর ভাড়া আদায় রেজিষ্টার, ক্যাশ বহি যাচাই বাছাই করে দেখা যায় ঘর ভাড়া বাবদ =৭,৫০,৩০০/-টাকা অনআদায় রয়েছে। যা পৌরসভার রাজস্ব ক্ষতি।

**বিষয়বস্তুঃ-** মাগুরা পৌরসভা,মাগুরা কার্যালয়ের ২০১৮-২০১৯ অর্থ বৎসরের আভ্যন্তরীন নিরীক্ষার সময় ঘর ভাড়া সংক্রান্ত বিল, রেজিষ্টার ও নথিপত্র যাচাই বাছাই করে দেখা যায় ঘর ভাড়া বাবদ=৭,৫০,৩০০/- টাকা অনাদায় রয়েছে। যাপৌরসভার রাজস্ব ক্ষতি।

**ফলাফলঃ** -পৌরষভার রাজস্ব ক্ষতি।

**পৌরসভার জবাব** ঃ- আদায় করে পৌর তহবিলে জমা করা হবে।

**অডিট কমিটির মন্তব্যঃ-** বকেয়া টাকা আদায় না করায় পৌরসভার রাজস্ব ক্ষতি।

**সুপারিশঃ**

আপত্তিকৃত ৭,৫০,৩০০/- টাকা আদায় পূর্বক পৌর তহবিলে জমা করে প্রমানক নিরীক্ষা কমিটির নিকট দাখিল করা আবশ্যক।

(স্বাক্ষর) ২৪/৯/১৯